গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.২৯৭

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০ / ১০ ডিসেম্বর ২০২৩

# ২০২৪ সালের হজযাত্রী নিবন্ধনের চূড়ান্ত বিজ্ঞপ্তি

রাজকীয় সৌদি সরকারের সাম্প্রতিক সিদ্ধান্ত অনুসারে ২০২৪ সনের হজযাত্রীর চূড়ান্ত তালিকা আগামী ৭ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া ২০২৪ সনের হজে মিনার তাঁবু এলাকাকে ৫টি জোনে এবং প্রতিটি জোনকে ৪টি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে মিনায় তাঁবু বরাদ্দ প্রদান কার্যক্রম শুরু হয়েছে। ডিসেম্বর ২০২৩ এর মধ্যে চূড়ান্ত হজযাত্রীর সংখ্যা পাওয়া না গেলে মিনায় কাঙ্খিত স্থানে তাঁবু পাওয়া যাবে না। সেক্ষেত্রে মিনায় জামারাহ'র নিকটবর্তী এলাকার পরিবর্তে দূরবর্তী, নিউ মুযদালিফা ও পাহাড়ী এলাকায় তাঁবু গ্রহণ করতে হবে। এরূপ পরিস্থিতি এড়ানোর স্বার্থে **আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত হজযাত্রী নিবন্ধনের সময় চূড়ান্তভাবে বৃদ্ধি করা হলো।** এরপর আর সময় বাড়ানো হবে না।

১. সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত প্রাক-নিবন্ধিত হজযাত্রীগণ হজের নিবন্ধন করতে পারবেন;
২. সরকারি মাধ্যম ও এজেন্সির জন্য নির্ধারিত কোটা পূর্ণ হওয়ার সাথে সাথে নিবন্ধন সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে;
৩. সরকারি মাধ্যমে সকল প্যাকেজে **২,০৫,০০০ (দুই লক্ষ পাঁচ হাজার)** টাকা সোনালী ব্যাংকে জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করা যাবে;
৪. প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে একই ব্যাংকে জমা প্রদান করতে হবে;
৫. প্রাথমিক নিবন্ধনের পর অবশিষ্ট টাকা নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে তিনি হজে যেতে পারবেন না এবং প্রদত্ত ২,০৫,০০০ টাকা মক্কা-মদিনায় বাড়ি ভাড়া ও মোয়াল্লেম ফি বাবদ ব্যয় হবে বিধায় উক্ত টাকা ফেরত প্রদান করা হবে না;
৬. হজযাত্রীর নিবন্ধনের ক্রম অনুসারে সরকারি মাধ্যমের ভাড়াকৃত বাড়ির মধ্যে হারাম শরীফ হতে অপেক্ষাকৃত কাছের বাড়ি অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে;
৭. প্রাথমিক নিবন্ধনের অর্থ জমা প্রদানের পর প্যাকেজ পরিবর্তনের কোন সুযোগ থাকবে না;
৮. সরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজে ট্রেন ব্যতিত নিবন্ধনের অপশন বাতিল করা হলো;
৯. বিমান ভাড়া ও সৌদি আরবের ব্যয় বাবদ ২,০৫,০০০ টাকা জমা দিয়ে বেসরকারি এজেন্সিতে প্রাথমিক নিবন্ধন করা যাবে;
১০. হজ এজেন্সির মাধ্যমে প্রাক-নিবন্ধন ফি ০১/০১/২০২৪ তারিখ হতে ৩০,৭৫২ টাকার পরিবর্তে ৩০,০০০ টাকা নির্ধারণ করা হলো;
১১. হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাব ব্যতিত প্রাক-নিবন্ধন ও নিবন্ধনের টাকা কোন ব্যক্তির নিকট নগদ প্রদান করা যাবে না এবং হজ এজেন্সিও নগদ অর্থ গ্রহণ করতে পারবে না;
১২. হজ কার্যক্রমের সকল সেবা ও প্যাকেজ মূল্য বিস্তারিত উল্লেখপূর্বক হজযাত্রী ও এজেন্সির মধ্যে লিখিত চুক্তি সম্পাদন করতে হবে। এর ব্যত্যয় হলে কোনো পক্ষের অভিযোগ গ্রহণযোগ্য হবে না;
১৩. হজে গমনের শর্তাবলী, করণীয় ও হজযাত্রীর সুযোগ-সুবিধা হজ প্যাকেজ ২০২৪ হতে বিস্তারিত জানা যাবে;
১৪. হজ সংক্রান্ত যে কোন তথ্য ১৬১৩৬ নম্বরে ফোন করে ও www.hajj.gov.bd হতে জানা যাবে;
১৫. e-Hajj BD মোবাইল App ব্যবহার করে ঘরে বসে হজের নিবন্ধন ভাউচার তৈরি করুন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হ'ল।

মো. তফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোন: ৫৫১০১৩৮০
morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব.....................................................................মন্ত্রণালয়/বিভাগ
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস,গুলশান, ঢাকা
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৬. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৭. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা
৮. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

১০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১১. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
১৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, সচিবালয় লিঙ্করোড, ঢাকা
১৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১৭. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
১৮. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
১৯. যুগ্মসচিব (সকল)................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
২১. মান্যবর কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব
২২. পরিচালক (প্রশাসন)/পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
২৪. ব্যবস্থাপনা পরিচালক,..................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনার অনুরোধসহ)
২৫. জেলা প্রশাসক (সকল)..............................................................................
২৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
২৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. পুলিশ সুপার (সকল)..............................................................................
২৯. সিভিল সার্জন (সকল)..............................................................................
৩০. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা
৩১. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৩২. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
৩৩. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৩৪. বিভাগীয় পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সকল বিভাগ
৩৫. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
৩৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................................................................
৩৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল).......................................
৩৮. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)..........................................
৩৯. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স/ফ্লাইনাস এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা
৪০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধসহ)
৪১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
৪২. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক,---------------------------------------------------- (সকল হজ এজেন্সি)
৪৩. জনাব ---------------------------------------------------------------------------------
৪৪. অফিস কপি